

শামীম আজিজ, কাউন্সিলর, সংরক্ষিত-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় জানান জয়পুরহাট পৌরসভা বাংলাদেশের উত্তর অঞ্চলের জেলা হওয়ায় এখানে শীতের তীব্রতা বেশি থাকে। তাই অবশ্যই দরিদ্র নারীদের মাঝে পৌরসভার পক্ষ থেকে শীতবস্ত্র বিতরণ কর্মসূচী গ্রহণ করা যেতে পারে।

জনাব মোঃ সাহেদুল আহসান সোহেল, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভায় বলেন, দেখা যায় শীতের তীব্রতা শুরু হওয়ার পর বা শীতের শেষের দিকে শীতবস্ত্র বিতরণ করা হয়। সেক্ষেত্রে শীতের প্রকোপে আক্রান্ত ব্যক্তিদের সঠিক সময়ে সাহায্য করা যায় না। সেজন্য ডিসেম্বর- জানুয়ারী মাসের পূর্বে যদি শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র দেওয়া যায়, তাহলে তারা বেশী উপকৃত হবেন। তিনি আরো বলেন, বিশেষ করে নারীদের শীতবস্ত্র বিতরণকালে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করা যায় তাহলে উক্ত কমিটির কাজের পরিধি বৃদ্ধি পায়।

বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ৪- শীতের প্রারম্ভেই পৌর এলাকায় দুঃস্থ নারীদের তালিকা করে তাদের মাঝে শীতবস্ত্র বিতরণ করণ ও এ কমিটিকে সমৃদ্ধ করণের বিষয়ে অত্র কমিটির সভাপতি পৌর পরিষদের মাসিক সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচী-৩। GAP বাস্তবায়ন সংক্রান্ত সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

জয়পুরহাট পৌরসভায় GAP বাস্তবায়ন আওতায় গৃহীত কর্মকান্ড সমূহের খরচের বিল ভাউচার সহ সংশ্লিষ্ট কার্য সমূহের ছবি প্রস্তুত করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।

সিদ্ধান্ত ৪- প্রকল্পের নির্দেশনা মোতাবেক GAP বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি প্রস্তুত করে প্রকল্প অফিসে প্রেরণের জন্য উক্ত কমিটির সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান কে দায়িত্ব প্রদান করা হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০২০-২০২১/০৫০(ক)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবা সদস্য, নারী ও শিশু বিষয়ক
কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।

৩। অফিস নথি।

তারিখ : ৩১/১২/২০২০


সভাপতি





নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর :

সভার স্থান : পৌর মিলনায়তন।
তারিখ : ১০/১২/২০২০ ইং।
রোজ : বৃহস্পতিবার।
সময় : বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর :

ক্রঃ নং	নাম	পদবী	কমিটিতে পদবী	উপস্থিতি স্বাক্ষর
০১	মোঃ মোস্তাফিজুর রহমান	মেয়র, জয়পুরহাট পৌরসভা	সদস্য	
০২	মোছাঃ রোজী বেগম	কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা	সদস্য	
০৩	মোছাঃ শামীম আজিজ	কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ	সদস্য	
০৪	মোঃ সাহেদুল আহসান সোহেল	কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা	সদস্য	
০৫	মোছাঃ ফেন্সীআরা	কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ	সভাপতি	
০৬	মোঃ সেলিমুর রহমান বাবুল	প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা	মেয়র কর্তৃক মনোনীত	